



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১০/০৬/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক সাঁড়াশি অভিযানে ০২ টি চোরাই ব্যাটারীচালিত ইজিবাইক উদ্ধারসহ আন্তঃজেলা সংঘবদ্ধ চোর চক্রের ০৬ সদস্য গ্রেফতার



গত ০৮/০৬/২০২১ খ্রি. সকালে বাদী মোঃ সেকেন্দার আলী (৪৮), পিতা- মৃত আব্দুল্লাহ, সাং- মনোরম, ডাকঘর- ভোলার চওড়া, থানা- লালমনিরহাট (সদর), জেলা- লালমনিরহাট রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) তার একটি ব্যাটারীচালিত ইজিবাইক লালবাগ থেকে চুরি হয়েছে মর্মে অভিযোগ করেন। অভিযোগ পর্যালোচনা করে জানা যায়, গত ২৬/০৫/২০২১ খ্রি. সকাল অনুমান ০৯.০০ ঘটিকার সময় পারিবারিক কাজে ব্যস্ত থাকার কারণে তারকাটা কেনার জন্য তার ছেলে মোঃ আমিনুল ইসলাম (১৫)কে তার ক্রয়কৃত ব্যাটারীচালিত ইজিবাইকটি নিয়ে মহেন্দ্রনগর বাজারে যায়। তার ছেলে লালমনিরহাট সদর থানাধীন মহেন্দ্রনগর বাসস্ট্যান্ডে অবস্থান করার সময় অজ্ঞাতনামা ০১ (এক) জন যাত্রী তার ব্যাটারী চালিত ইজিবাইক এর নিকট এসে বলে, তুমি কি রংপুর রিজার্ভ যাবা? তখন বাদীর ছেলের সাথে অজ্ঞাতনামা যাত্রীর রংপুর যাওয়া আসার ভাড়া ৯০০ টাকা ঠিক হয়। পরবর্তীতে সে অজ্ঞাতনামা যাত্রীকে নিয়ে রংপুরের উদ্দেশ্যে রওনা করে। ঐদিন তারা ১৪.৩০ ঘটিকার সময় ইজি বাইক নিয়ে রংপুর শহরের লালবাগ রেল লাইনের দক্ষিণে নূরানী হোটেলের সামনে গেলে অজ্ঞাতনামা ব্যক্তি বলে যে, মালামাল নিতে একটু দেরী হবে। এ সুযোগে অজ্ঞাতনামা ব্যক্তি ইজিবাইক চালককে ভাত খেয়ে নিতে বলে এবং বলে যে ইজি বাইক এখানে থাক হারাবে না। তখন সে নূরানী হোটেলের সামনে ব্যাটারী চালিত ইজিবাইকটি রেখে অজ্ঞাতনামা যাত্রীসহ ভাত খেতে গেলে ঐ যাত্রী তার এক বন্ধুর সাথে কথা বলার জন্য হোটেল থেকে বের হয়ে যায়। এরপর খাবার খেয়ে বাদীর ছেলে বাহিরে বের হয়ে দেখে যে, তার ইজি বাইকটি সেখানে নেই এবং অজ্ঞাতনামা ব্যক্তিটিও সেখানে নেই। পরে অটোচালক বুঝতে পারেন যে অটোটি চুরি হয়েছে।

উক্ত ঘটনার প্রেক্ষিতে গত ০৮/০৬/২০২১ খ্রি. বাদী তার ছেলের সহ রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এ বিষয়টি অবহিত করলে উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান বিষয়টি তদন্তপূর্বক চুরি যাওয়া ইজি বাইকটি উদ্ধারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদকে দায়িত্ব প্রদান করেন। তিনি ডিবি'র একটি চৌকস দলের মাধ্যমে বিভিন্ন উৎস থেকে উক্ত অপরাধ ও সংশ্লিষ্ট অপরাধীদের ব্যাপারে বিভিন্ন তথ্য ও গোয়েন্দা তথ্য সংগ্রহ করেন এবং সংগৃহীত অপরাধ গোয়েন্দা তথ্য পর্যালোচনা ও বিশ্লেষণ করে প্রাথমিকভাবে সন্দিক্ত আসামীদের শনাক্ত করেন।

এরপর গত ০৯/০৬/২০২১ খ্রি. তারিখ রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা পুলিশ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের পরামর্শ এবং নির্দেশনায় রাত্রী ০১.৩০ ঘটিকার সময় সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদ এর নেতৃত্বে পুলিশ পরিদর্শক (নিঃ) মোঃ ছালেহ আহাম্মদ পাঠান, পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোতালেব হোসেন, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) মোঃ আবু ছাইয়ুম তালুকদার, এসআই(নিঃ) আই. এইচ. লাকু সরকারসহ ডিবি পুলিশের একটি চৌকস দল তাজহাট মোড় এলাকায় অভিযান পরিচালনা করে অজ্ঞাতনাম ব্যক্তি ০১। মোঃ শরিফুল ইসলাম(২৩), পিতা- মৃত আয়েন উদ্দিন, মাতা- মোছাঃ ছকিনা বেগম, সাং- হরিশ্বর, ইউপি নং-০৫ বালাপাড়া, থানা-কাউনিয়া, এপি-সাং- এরশাদনগর, থানা- তাজহাট, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করেন।

জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত আসামীর দেয়া তথ্যের ভিত্তিতে ঘটনার সহিত জড়িত আসামী ০২। মোঃ আফতাব হোসেন (৩২), পিতা- মোঃ মফিজ উদ্দিন, মাতা- মোছাঃ আফছানা বেগম, সাং- নিউ আদর্শপাড়া, থানা- কোতয়ালী, ০৩। মোঃ রিপন মিয়া(৩৫), পিতা-মৃত মজির উদ্দিন, মাতা- মোছাঃ রিনা বেগম, সাং- রাধাকৃষ্ণপুর, ওয়ার্ড-১২, থানা- হাজিরহাট, ০৪। মোঃ লাবু মিয়া(৩০), পিতা- মোঃ জহুরুল ইসলাম, মাতা- মোছাঃ নূরজাহান বেগম, সাং-বুড়িরহাট বাহাদুর সিং, থানা- পরশুরাম, সকলে রংপুর মহানগর, রংপুর, ০৫। মোঃ আব্দুল মতিন(২৯), পিতা-মৃত সহিদার রহমান, মাতা- মৃত লাইলী বেগম, সাং- দক্ষিণ আরাজি নিয়ামত এবং ০৬। মোঃ শিমুল মিয়া(২৬), পিতা-মোঃ আইয়ুব আলী, মাতা- মোছাঃ শেফালী বেগম, সাং- বাগপুর, ৩নং বড়বিল ইউনিয়ন, থানা- গঙ্গাচড়া, জেলা- রংপুর-কে গ্রেফতার করা হয়।

পরে গ্রেফতারকৃতদের দেয়া তথ্যমতে আসামী আব্দুল মতিনকে আটকের পর তাদেরকে নিয়ে অপর আসামী লাবু মিয়ার বসতবাড়িতে উপস্থিত হয়ে আসামীদের দেখিয়ে দেয়ামতে চুরি সন্দেহে একটি সবুজ রংয়ের ব্যাটারী চালিত ইজি বাইক উদ্ধারপূর্বক ঐদিন ভোর ০৫.১৫ ঘটিকার সময় জব্দ করা হয়। আসামী লাবু মিয়ার দেয়া স্বীকারোক্তি ও তথ্য মতে অপর আসামী শিমুল এর বসত বাড়িতে উপস্থিত হয়ে আসামী লাবুর দেখিয়ে দেয়ামতে চুরি হওয়া পুরাতন ব্যবহৃত ব্যাটারী চালিত লাল রং এর ইজি বাইক উদ্ধার করা হয়। যার বডিতে পিছন পার্শ্বে DOWEDO লিখা আছে। ইজি বাইকটির ছাউনি পর্দার পিছন পার্শ্বে 'গ্রাম বাংলাসহ হরিণের চিহ্ন' রয়েছে। যার মূল্য অনুমান ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা। এ বিষয়ে ইতোমধ্যে রংপুর মেট্রোপলিটন পুলিশের তাজহাট থানায় একটি মামলা রুজু হয়েছে। উক্ত অটো চুরি চক্রের সাথে জড়িত সকল অপরাধীদের তদন্তের মাধ্যমে বের করে এনে আইনের আওতায় আনা হবে।

উল্লেখ্য যে, রংপুর মহানগরীতে ইজি বাইক চোর চক্রকে গ্রেফতারের জন্য গোয়েন্দা বিভাগ (ডিবি)র অভিযান অব্যাহত থাকবে।


১০.০৬.২০২১

(মোঃ ফারুক আহমেদ)
সহকারী পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৭২